ইত্তেফাক

তারিখ ... ... ৮।৩।৮৫ ...
পৃষ্ঠা ... ... ১ ... কলাম ... ২ ...



# আরও ৭টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র চালু

সরকার দেশে কারিগরি প্রশিক্ষণের চাহিদা পূরণের লক্ষ্যে খুলনা, কুমিল্লা, বরিশাল, ফরিদপুর, ময়মনসিংহ, বগুড়া ও রাঙ্গামাটি জেলায় আরও ৭টি নূতন প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করিয়াছেন। উল্লেখ্য, এরূপ ৪টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র পূর্বেই চালু রহিয়াছে।

বর্তমানে কেবল মাত্র বগুড়া কেন্দ্র ছাড়া দেশের অন্য ১০টি কেন্দ্রে ১৩টি বিভিন্ন দুই বছর মেয়াদী ট্রেড কোর্সে এক হাজার ৫ শত ১০ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণরত আছেন।

এসব কেন্দ্রের প্রশিক্ষণ কর্মসূচী দুইটি পর্বে বিভক্ত প্রতি পর্বের মেয়াদ এক বছর এবং ইহা স্বয়ং সম্পূর্ণ। প্রতি পর্বের শেষে প্রশিক্ষার্থীদের সম্ভাব্য ক্ষেত্রে তিন মাসের জন্য ইণ্ডাষ্ট্রীয়াল এটাচমেণ্ট অথবা উৎপাদনমুখী প্রজেক্ট-ভিত্তিক কাজে নিয়োজিত রাখা হইবে। প্রতি পর্বের চূড়ান্ত পরীক্ষা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতায় অনুষ্ঠিত হইবে।

(৮ম পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## প্রশিক্ষণ কেন্দ্র চালু

(১ম পৃঃ পর)

প্রথম পর্বে কৃতকার্য প্রশিক্ষার্থীরা ইচ্ছা করিলে দ্বিতীয় পর্বে ভর্তি অথবা চাকুরীর উদ্দেশ্যে কেন্দ্র ত্যাগ করিতে পারিবে।

কেন্দ্রসমূহে অধিক সংখ্যক প্রশিক্ষণদানের উদ্দেশ্যে নিয়মিত কোর্সের বাহিরে সান্ধ্যকালীন প্রশিক্ষণ কর্মসূচীও চালু রহিয়াছে। এছাড়া নিয়োগ কর্তাদের অনুরোধে কলকারখানায় কর্মরত অদক্ষ ও আধাদক্ষ শ্রমিকদের আপ-গ্রেডিং-এর প্রশিক্ষণের ব্যবস্থাও প্রশিক্ষণ কেন্দ্রগুলিতে রহিয়াছে। তথ্য বিবরণী।